উপজেলা পরিষদ
হাতীবান্ধা, লালমনিরহাট।

**বিষয়** : **হাতীবান্ধা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

মাসের নাম : মে, ২০২৩

সভাপতি : জনাব মশিউর রহমান মামুন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।

সহান : উপজেলা পরিষদ মিলনায়তন, হাতীবান্ধা, লালমনিরহাট।

তারিখ : ০৭-০৫-২০২৩ খ্রি.

সময় : দুপুরঃ ১২.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট- ''ক'' এবং অনুপস্থিতি পরিশিষ্ট - ''খ'' এ দেখানো হলো।

সভার প্রারম্ভে **হাতীবান্ধা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দকে** শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট-কে সভা পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট শুরুতে সদস্যগণকে স্বাগত জানান এবং তিনি গত সভার কার্যবিবরণী পড়ে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা' সর্বসম্মতিক্র দৃঢ়ীকরণ করা হয়। পরে তিনি উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার জন্য সভায় উপস্থিত দপ্তর প্রধান/প্রতিনিধিকে অনুরোধ জানান। সভায় নিম্নবর্ণিত বিভাগ/দপ্তরসমূহের বিষয়ভিত্তিক আলোচনা সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমুহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য অধিদপ্তর** | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের স্বাভাবিক কার্যক্রমের সাথে যথারীতি চলছে। এছাড়া হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লের সীমানা প্রাচীরের পাস ঘেষে অবৈধ স্থাপনা ইতোমধ্যে উচ্ছেদ করা হয়েছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | দখল বজায় রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, হাতীবান্ধ লালমনিরহাট। |
| ২. | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর** | অনুপস্থিত | - | - | - |
| ৩. | **কৃষি বিভাগ** | অনুপস্থিত | - | - | - |
| ৪. | **সমাজসেবা বিভাগ** | অনুপস্থিত | - | - | - |
| ৫. | **মৎস্য অধিদপ্তর** | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, মৎস্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | এ ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা হাতীবান্ধ লালমনিরহাট। |
| ৬. | **প্রাণি সম্পদ অধিদপ্তর** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ বিভাগে কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | - | - |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৭. | **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান য়ে, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি ২০২২-২৩ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | - | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাতীবান্ধা, লালমনিরহাট। |

| ক্র: নং: | খাতের নাম | বরাদ্দ প্রাপ্ত অর্থ/ খাদ্যশস্যের পরিমাণ | | প্রকল্প সংখ্যা | ব্যয়িত অর্থের পরিমাণ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ০১. | কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (১ম পর্যায়) | অর্থ | ৫৬,৭৪,৫০০/- | ১৫ টি | ৫৪,৭৪,৫০০/- | ১০০% |
| | | চাল | ৩৭.৮৩০ মে:টন | ০৪ টি | ৩৭.৮৩০ মে:টন | ১০০% |
| | | গম | ৩৭.৮৩০ মে:টন | ০৪ টি | ৩৭.৮৩০ মে:টন | ১০০% |
| ০২. | কাবিখা সাধারন বরাদ্দ (১ম পর্যায়) | অর্থ | ৪৭,৮৯,৮৮৮/৩৩ | ১৯ টি | ৪৭,৮৯,৮৮৮/৩৩ | ১০০% |
| | | চাল | ৩১.৯৩২৯ মে:টন | ১৩ টি | ৩১.৯৩২৯ মে:টন | ১০০% |
| | | গম | ৩১.৯৩২ মে:টন | ১৩ টি | ৩১.৯৩২৯ মে:টন | ১০০% |
| ০৩. | কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক ( ২য় পর্যায়) | চাল | ৩৮.০০০ মে:টন | ০৪ টি | ৩৮.০০০ মে:টন | ১০০% |
| | | গম | ৭৬.০০০ মে:টন | ০৮ টি | ৭৬.০০০ মে:টন | ১০০% |
| | | অর্থ | ৫৬,৭৪,৪৯৫/৬০ | ১৫ টি | ৫৬,৭৪,৪৯৫/৬০ | ১০০% |
| ০৪. | কাবিখা সাধারন বরাদ্দ (২য় পর্যায়) | চাল | ৩১.৯১০৪ মে:টন | ১৩ টি | ২০.৫০০ মে:টন | ১০০% |
| | | গম | ৬৩.৮২০৯ মে:টন | ১৪ টি | ৪০.৮২০৯ মে:টন | ৭০% |
| | | অর্থ | ৪৭,৮১,২৭০/৮১ | ১৯ টি | ২৩,৯০,৬৩৫.০০ | ৭০% |
| ০৫. | টিআর নির্বাচনী এলাকা (১ম পর্যায়) | | ৫১,৭১,৬০০/- | ২৬ টি | ৫১,৭১,৬০০/- | ১০০% |
| ০৬. | টিআর নির্বাচনী এলাকা (২য় পর্যায়) | | ২৬,৭৫,০০০/৪০ | ১৪ টি | ২৫,৭৫,০০০/৪০ | ৯৬% |
| ০৭. | টিআর সাধারণ উপজেলা পরিষদ ওয়ারী (১ম পর্যায়) | | ৩৬,৩৯,৫২২/৫২ | ২৪ টি | ৩৫,৩৫,৭৩৬/৫২ | ৯৮% |
| ০৮. | টিআর সাধারণ উপজেলা পরিষদওয়ারী (২য় পর্যায়) | | ১৮,৭৮,৭৬৪/৮৪ | ১৪ টি | ৯,৩৯,৩৮২/- | ৭০% |
| ০৯. | টিআর জেলা প্রশাসক (১ম পর্যায়) | | ২,০০,০০০/- | ০২ টি | ২,০০,০০০/- | ১০০% |
| ১০. | টিআর জেলা প্রশাসক (২য় পর্যায়) | | ১,৫০,০০০/- | ০৩ টি | ১,৫০,০০০/- | ১০০% |
| ১১. | টিআর বিভাগীয় কমিশনার ১ম পর্যায় | | ১,৫০,০০০/- | ০৩টি | ১,৫০,০০০/- | ১০০% |
| ১২. | সেতু/কালভার্ট | | ২,১১,৯৯,১৫৩/- | ০৩টি | ৬০,০০,০০০/- | ৮৫% |
| ১৩. | হেরিং বোন বন্ড (এইচবিবি) ২য় পর্যায় (২০২২-২৩ অর্থ বছর) | | ৮৩,২৯,০০০/- | ০১টি (১.০০ কি:মি:) | ৪০,০০,০০০/- | ১০০% |
| ১৪. | হেরিং বোন বন্ড (এইচবিবি) ১ম পর্যায় (২০২২-২৩ | | ৬২,২৫,৩৫০/- | ০১টি (১.০০ কি:মি:) | ১২,০০,০০০/- | ১০০% |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ/প্রতিষ্ঠান</th><th>আলোচনা</th><th>উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৮.</td><td></td><td>
<table>
<tr><td>১৫.</td><td>দুযোর্গ সহনীয় ঘর</td><td>৫,৭৯,৩০,০০০</td><td>২০০ টি</td><td>৫,৭৯,৩০,০০০</td><td>১০০%</td><td></td><td></td></tr>
<tr><td>১৬.</td><td>দুযোর্গ সহনীয় ঘর</td><td>৭৫,৩২,২০০/-</td><td>২৬ টি<br>(আশ্রয়ন প্রকল্প)</td><td>৭৫,৩২,২০০/-</td><td>১০০%</td><td></td><td></td></tr>
<tr><td>১৭.</td><td>ঢেউটিন</td><td>১৮৬ বান্ডিল<br>গৃহ নির্মাণ মঞ্জুরী<br>৫,৫৮,০০০/-</td><td></td><td>১৮৬ বান্ডিল<br>গৃহ নির্মাণ মঞ্জুরী<br>৫,৫৮,০০০/-</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১৮.</td><td>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচী ইজিপিপি ১ম পর্যায়</td><td>২,৪২,৫৬,০০০/-</td><td>৫৩ টি প্রকল্প<br>১৫১৬ টি কার্ড</td><td></td><td>৯৮.১৭%</td><td></td><td></td></tr>
<tr><td>১৯.</td><td>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসুচী ইজিপিপি ২য় পর্যায়</td><td>২,৪২,৫৬,০০০/-</td><td>১৫১৬ টি কার্ড</td><td></td><td>৬০%</td><td></td><td></td></tr>
</table>
</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৯.</td><td>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যাদিসহ বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। আলোচনান্তে উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় এবং পূর্ববর্তী সভার সিদ্ধান্তই বলবৎ রাখা হয়।</td><td>উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।</td><td>(১) প্রাথমিক বিদ্যালয়ে গুণগত শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি বিদ্যালয় উন্নয়নসহ অন্যান্য কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(২) স্কুলসমূহ নিয়মিত পরিদর্শন করে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাতীবান্ধা লালমনিরহাট।</td></tr>
<tr><td>১০.</td><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>অনুপস্থিত</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>১১.</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে উপজেলা পর্যায়ের বিআরডিবি অফিস পল্লী ভবন নির্মাণের জন্য জায়গা বরাদ্দ দেয়া প্রয়োজন। সুত্র ৪৭.৬২.৩২০০.৯৭৬.০২.০২১.২০.১৪৩, তারিখ: ১৯/০৪/২০২৩ খ্রি:। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রস্তাবনার প্রেক্ষিতে হাতীবান্ধা উপজেলায় অব্যবহৃত জায়গায় বিআরডিবি অফিস "পল্লী ভবন" নির্মাণের পূর্বে জমি বরাদ্দ সংক্রান্ত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।</td><td>বিআরডিবি অফিস "পল্লী ভবন" নির্মাণের পূর্বে জমি বরাদ্দ সংক্রান্ত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতির জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।</td><td>১) উপজেলা প<br>উন্নয়ন কর্মকর্ত<br>হাতীবান্ধা,<br>লালমনিরহাট<br>২) উপজেলা নি<br>অফিসার<br>হাতীবান্ধা,<br>লালমনিরহাট</td></tr>
</table>

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১২. | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের পরিপত্রের স্মারক নম্বর ৩২.০০.০০০০.০২৯.২০.০১০.২২.৬১৬ তারিখ ১৬/১০/২০২২ খ্রি: অনুযায়ী ৯/১১/২০২২ খ্রি: অবহিত করণ সভা করা হয়। ১১ নং সানিয়াজান ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২৪ চক্রের উপকারভোগীর তালিকা গত ৭/০৩/২০২৩ তারিখ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর দাখিল করেছেন। উক্ত তালিকা পরিপত্রের অনুচ্ছেদ “৩” মোতাবেক ৩০/১১/২০২২ খ্রি: এর মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর পেশ করার সমায় ছিল। উল্লেখিত তারিখে ১১ নং সানিয়াজান ইউনিয়ন কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর জমা প্রদানে ব্যর্থ হওয়ায় পরিপত্রের নির্দেশনা “ঝ” মোতাবেক ১১ নং সানিয়াজান ইউনিয়নের উপকারভোগী নির্বাচনের জন্য উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২৮/১২/২০২২ খ্রি: ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। এমতাবস্থায় , গঠিত কমিটির আহবায়ক স্মারক নং ৫২/২০২৩ তারিখ ১২/০১/২০২৩ খ্রি: ও স্মারক নং ৮১/২০২৩ তারিখ ১৯/০১/২০২৩ খ্রি: ভিডব্লিউবি বিষয়ে আলোচনার জন্য ০২ টি পত্র ১১ নং সানিয়াজান ইউনিয়ন চেয়ারম্যান বরাবর প্ররেণ করেন।উক্ত পত্র মোতাবেক ১১ নং সানিয়াজান ইউনিয়ন চেয়ারম্যান ০৩ সদস্য বিশিষ্ট কমিটির নিকট উপস্থিত হন নাই। বিধায়, পরিপত্রের আলোকে উপকারভোগী নির্বাচন কমিটি ০৩/০৩/২০২৩ খ্রি: ও ০৪/০৩/২০২৩ খ্রি: মাইকে বহুল প্রচারের মাধ্যমে ১১ নং সানিয়াজান ইউনিয়ন পরিষদে আবেদনকারীগণকে ০৫/০৩/২০২৩ খ্রি: সকাল ১০ টায় জমায়েতের জন্য আহবান করা হয়।উক্ত তারিখে জমায়েত কৃত মহিলাদের মধ্যে সরেজমিনে যাচাইক্রমে বরাদ্দকৃত ১৮৮ জন মহিলার নামের তালিকা এবং ১৮ জন অপেক্ষা মান মহিলার নামের তালিকা প্রনয়ণ করা হয়, যাহা ২৮/০৩/২০২৩ খ্রি: উপজেলা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন করা হয়। সেহেতু, সুত্রস্থ আবেদন এবং ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখের দাখিলকৃত তালিকা গ্রহণযোগ্যতা না থাকায় ১৮৮ জনের মধ্যে ৫৭ জন মহিলার নাম অনুমোদিত তালিকায় অর্ন্তভূক্ত করার সুযোগ নেই। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | উপজেলা বাছাই কমিটি কর্তৃক ০৫/০৩/২০২৩ খ্রি: তারিখে উপস্থিত মহিলাদের মধ্য হতে সরেজমিনে যাচাই-বাছাইকৃত ১৮৮ জন মহিলার নামের তালিকা এবং ১৮ জন অপেক্ষা মান মহিলার নামের তালিকা চূড়ান্ত করা হয়, যাহা ২৮/০৩/২০২৩ খ্রি: উপজেলা কমিটির সভায় অনুমোদন করা হয়। বিতরণের সিদ্ধান্ত হয়েছিল। ইউ/পি চেয়ারম্যান প্রয়োজনীয় সহযোগিতা না করলে কর্মকর্তা নিয়োগ করে চাল বিতরণ করা যেতে পারে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৩. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। ১২/০২/২০২৩তারিখে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/২০২২-২০২৩ অর্থ বছরের প্রকাশিত টেন্ডার বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিক্রয়কৃত সিডিউল হতে উপস্থিত ঠিকাদারগণের উপস্থিতিতে ইজিপির মাধ্যমে ০৭/০৫/২০২৩ তারিখে লটারি করা হয়। নির্বাচিত ঠিকাদারগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে ডিজাইন, স্পেসিফিকেশন ও প্রাক্কলন অনুযায়ী সম্পন্নের জন্য অনুরোধ করা হলো। এছাড়া তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে প্রতি অর্থ বছর ১০ লক্ষ টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে, সে মোতাবেক চলতি অর্থ বছরে উক্ত খাত হতে ০২টি প্রকল্প গ্রহণ করা যেতে পারে (১) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর অফিস কক্ষ সংলগ্ন একটি নতুন ওয়াস রুম নির্মাণ ও অন্যান্য সংস্কার (২) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাতীবান্ধা, লালমনিরহাট এর নির্মাণকৃত ভবনের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/২০২২-২০২৩ অর্থ বছরের গৃহীত প্রকল্পসমূহের কাজ নিয়মিত তদারকি করবেন।<br>২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে চলতি অর্থ বছরে গৃহীত প্রকল্প ০২টি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, হাতীবান্ধা লালমনিরহাট/সংশ্লি সকল। |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৪. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | | ১) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৫. | **সমবায় বিভাগ** | অনুপস্থিত | -- | - | - |
| ১৬. | **বন বিভাগ** | ১) ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, হাতীবান্ধা, লালমনিরহাট বলেন যে, উপজেলা বন বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত পুরাতন ও ঝুকিপূর্ণ গাছ রয়েছে যেগুলো ইতোমধ্যেই কর্তন করা হয়েছে এবং উপজেলা নির্বাচন অফিস সংলগ্ন স্থানে সংরক্ষণ করা হয়েছে। গাছগুলো প্রকাশ্য নিলাম প্রক্রিয়া সম্পন্ন সাপেক্ষে প্রাপ্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>২) উপজেলা পরিষদের পুকুর নিলামের পূর্বের মেয়াদ শেষ হওয়ায় নতুন করে নিলাম প্রদান করতে হবে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ০২টি নিলাম প্রক্রিয়া সম্পন্নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)উপেজলা প্রকৌশলী (এলজিইডি), হাতীবান্ধ লালমনিরহাট।<br>২)ফরেস্টার, উপজেল বনায়ন ও নার্সারী কে হাতীবান্ধা, লালমনিরহ<br>৩) উপজেলা নির্বাহী অফিসার হাতীবান্ধা, লালমনিরহ |
| ১৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | অনুপস্থিত | -- | - | - |
| ১৮. | **খাদ্য বিভাগ** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় বলেন যে, উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | - | উপজেলা খাদ্য নিয়ন্ত্র হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৯. | **হাটবাজার সংক্রান্ত** | ১) ২০২২-২৩ ইং বাস্তবায়িত অর্থ বছরে সংশ্লিষ্ট হাট-বাজার উন্নয়ন খাতের ১৫% অর্থ থেকে পাটিকাপাড়া ইউনিয়নের অন্তর্গত পারুলিয়া বাজারে আরসিসি রাস্তা নির্মাণ সংক্রান্ত প্রকল্প প্রস্তাব পাটিকাপাড়া ইউনিয়ন হাটবাজার ব্যবস্থাপনা কমিটির নিকট থেকে পাওয়া গেছে। য়ার প্রাক্কলিত মূল্য ১,৮১,৬৬৩/- | প্রস্তাব অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, হাতীবান্ধা, লালমনিরহাটকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট হাট-বাজার উন্নয়ন খাতের ১৫% অর্থ থেকে পাটিকাপাড়া ইউনিয়নের অন্তর্গত পারুলিয়া বাজারে আরসিসি রাস্তা নির্মাণ সংক্রান্ত প্রকল্প অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেল প্রকৌশলী, এলজিই হাতীবান্ধা, লালমনির |
| ২০. | **বিবিধ** | **(০৫) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নঃ** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট জন্ম-মৃত্যু নিবন্ধনের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি বলেন জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য নিবন্ধক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবের গুরত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকায় শতভাগ জন্ম ও মৃত্যু যাতে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে, সকল ইউনিয়নে লক্ষ্যমাত্রা এবং পরিদর্শক নিয়োগ করা হয়েছে, গ্রাম পুলিশদের বেশি করে সম্পৃক্ত করতে হবে এবং জন্ম হলে অভিনন্দন পত্র এবং মৃত্যু হলে শোকবার্তা প্রেরণ করার জন্যও তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে অনুরোধ জানান। তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক সকল কাজ পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | -- | সংশ্লিষ্ট সকলের অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধ লালমনিরহাট/ সংশ্লি সকল ইউপি চেয়ারম্যান/ সংশ্লি সকল। |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ/প্রতিষ্ঠান</th><th>আলোচনা</th><th>উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>(০৬) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত বিভিন্ন বিলের ব্যয়োত্তর অনুমোদন : উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত নিম্নবর্ণিত বিল সমূহের ব্যয়োত্তর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন:-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিলের বিবরণ</th><th>টাকার পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যানের এপ্রিল, ২০২৩ মাসের সম্মানীভাতা প্রদান</td><td>২৮,০০০/-</td><td></td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের এপ্রিল, ২০২৩ মাসের সম্মানীভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td><td></td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল, ২০২৩ মাসের সম্মানীভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td><td></td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা পরিষদে মাষ্টাররোলে কর্মরত দুইজন অফিস সহায়ক এপ্রিল, ২০২৩ মাসের পারিশ্রমিক ভাতা</td><td>২১,৫০০/-</td><td></td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যানের এপ্রিল, ২০২৩ মাসের দৈনিক ভাতা</td><td>১২,২৫০/-</td><td></td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের এপ্রিল, ২০২৩ মাসের দৈনিক ভাতা</td><td>১০,৫০০/-</td><td></td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৩ মাসের আপ্যায়ন ব্যয়</td><td>৩০,০০০/-</td><td></td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয়</td><td>৫,০০০/-</td><td></td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা পরিষদের ক্যাম্পাসের নিরাপত্তা বাবদ আনসার সদস্যের এপ্রিল, ২০২৩ মাসের মজুরী বাবদ ব্যয়</td><td>৭,৫০০/-</td><td></td></tr>
</table></td><td>--</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত বিলগুলোর ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়।</td><td>১) চেয়ারম্যান, উপজে<br>পরিষদ<br>হাতীবান্ধা, লালমনির<br>২) উপজেলা নির্বাহী<br>অফিসার<br>হাতীবান্ধা, লালমনির<br>৩) উপজেলা প্রকৌশ<br>এলজিইডি<br>হাতীবান্ধা, লালমনির</td></tr>
<tr><td></td><td></td><td>(০৮) মাসিক সভায় কার্যপত্র দাখিল : উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিষয় আলোচনা করতে হলে তা কার্যপত্র আকারে দাখিল করার বিধান আছে। কার্যপত্রে আলোচনার বিষয়, বিষয় সম্পর্কে কার্যপত্র দাখিলকারীর সুস্পষ্ট বক্তব্য/আলোচনা এবং প্রস্তাবিত সিদ্ধান্ত উল্লেখ করতে হবে। তিনি সভার সকল সদস্যকে পরবর্তী সভাসমূহ অনুষ্ঠানের তারিখের পূর্বেই উপজেলা পরিষদে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়।</td><td>--</td><td>বিধি মোতাবেক সভার কার্যবিবরণীতে কোন আলোচনা অন্তর্ভুক্ত করার জন্য অবশ্যই কার্যপত্র দাখিল করতে হবে অন্যথায় কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়।</td><td>সংশ্লিষ্ট সকল<br>বিভাগ/দপ্তর</td></tr>
<tr><td></td><td></td><td>(০৯) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণপূর্বক উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি পরবর্তী মাস থেকে স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানান। আলোচনান্তে উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>--</td><td>উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি পুনর্গঠন করার এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১) উপজেলা নি<br>অফিসার<br>হাতীবান্ধা,<br>লালমনিরহ<br>২) স্থায়ী কমি<br>(স্ট্যান্ডিং কমিটি<br>সদস্য-সচিব</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ/প্রতিষ্ঠান</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্ত</th></tr>
<tr><td>২০.</td><td>বিদ্যুৎ বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে বিদ্যুতের খোলা তার থাকার কারনে ঝড়-বৃষ্টির সময় দূর্ঘটনা ঘটতে পারে। খোলা তার অপসারণ করে কাভার বিশিষ্ট তার স্থাপন করা যেতে পারে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে আলোচনাক্রমে একমত প্রকাশ করেন। পরিষদ ক্যাম্পাসে (অফিস ও বাসা-বাড়িসহ) বিদ্যমান বিদ্যুতের খোলা তার অপসারনের সুপারিশসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ, হাতীবান্ধা, লালমনিরহাট কে অনুরোধ করা হয়।</td><td>পরিষদ ক্যাম্পাসে (অফিস ও বাসা-বাড়িসহ) বিদ্যমান বিদ্যুতের খোলা তার অপসারণ করে কাভার বিশিষ্ট তার স্থাপনের প্রয়োজনীয়</td><td>নিব<br>প্রকৌ<br>নেসকে<br>হাতী<br>লালমনি</td></tr>
<tr><td>২১.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অত্র উপজেলার অনুমোদিত ০২টি প্রকল্পের মধ্যে অবকাঠামো উপ-প্রকল্প INF-2020-21-555233-01 (Installation of 97 Solar Street Lights from Hatibandha Upazila's Doikhawa mor to Doikhawa Bazar for safe movement of public Under JICA & GOB and Upazila Govaernmance and Devlopment Project UGDP) Hatibandha Upazila, District: Lalmonirhat কাজটি ঠিকাদার কর্তৃক ডিজাইন, প্রাক্কলন ও স্পেসিপিকেশন অনুযায়ী সম্পন্ন হওয়ায় প্রকল্পের ঠিকাদার কর্তৃক নিম্ন বর্ণিত ভাবে আবেদনকৃত বিল পরিশোধ করা যেতে পারে।
<table>
<tr><th rowspan="2">উপজেলা ও জেলা</th><th rowspan="2">উপ-প্রকল্পের নম্বর</th><th rowspan="2">চুক্তিমূল্য (ভ্যাট ও আয়কর সহ) (টাকা)</th><th rowspan="2">ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়কর সহ) টাকা</th><th colspan="4">পরিশোধ যোগ্য মোট বিলের পরিমান (টাকা)</th><th>মন্তব্য</th></tr>
<tr><th>(ভ্যাট ও আয়কর ব্যতিত বিল (টাকা)</th><th>ভ্যাটের পরিমান (টাকা)</th><th>আয়করের পরিমান (টাকা)</th><th>ভ্যাট ও আয়কর সহ মোট বিল (টাকা)</th><th rowspan="3">ভ্যাট ৭.৫% ও আয়কর ৩%</th></tr>
<tr><td>হাতীবান্ধা লালমনিরহাট</td><td>INF-2020-21-555233-01</td><td>২৮,৭৩,৮১৯.৯৮০</td><td>২৮,৭৩,৮১৯/-</td><td>২৫,৭২,০৬৮/-</td><td>২,১৫,৫৩৬/-</td><td>৮৬,২১৫/-</td><td>২৮,৭৩,৮১৯/-</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>২৮,৭৩,৮১৯.৯৮০</td><td>২৮,৭৩,৮১৯/-</td><td>২৫,৭২,০৬৮/-</td><td>২,১৫,৫৩৬/-</td><td>৮৬,২১৫/-</td><td>২৮,৭৩,৮১৯/-</td></tr>
</table>
সভায় বিস্তারিত আলোচনান্তে বিলটি অনুমোদন করা হয় এবং পরিশোধের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>বিলটি অনুমোদন করা হয় এবং পরিশোধের নিমিত্তে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), জনস্বাস্থ্য প্রকৌশল ভবন,১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>(১) উপ<br>নির্বাহী<br>অফিসা<br>হাতীবা<br>লালমনি<br>(২) উপ<br>প্রকৌশ<br>এল.জি.<br>হাতীবা<br>লালমনি<br>(৩)ইউ<br>ইউজিডি<br>হাতীবা<br>লালমনি</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মশিউর রহমান মামুন)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
হাতীবান্ধা, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট
www.hatibandha.lalmonirhat.gov.bd

স্মারক নং:- ০৫.৪৭.৫২৩৩.০০৫. ০১.০০২.২৩-৪৪৬(৫০)

তারিখ:- ২৪ বৈশাখ ১৪৩০ / ০৭ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৬ লালমনিরহাট-১।
২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৪। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৫। উপজেলা ............(সকল) কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট।
৬। চেয়ারম্যান,............(সকল) ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৭। সহকারী প্রোগ্রামার, হাতীবান্ধা, লালমনিরহাট। (তাকে ওয়েবপোর্টালে কার্যবিবরণীটি আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৭। জনাব/জনাবা ............ হাতীবান্ধা, লালমনিরহাট।
৮। অফিস কপি।

০৭/০৫/২০২৩

**(মোঃ নাজির হোসেন)**
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট।
email:unohatibandha@mopa.gov.bd